# নবী (সা.) এর ছলাত সম্পাদনের পদ্ধতি

বিভাগ/অধ্যায়ঃ সালাত বিষয়ে বিস্তারিত

রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ নাছিরুদ্দিন আলবানী (রহ.)

الصلاة فى السفينة নৌযানে ছলাত

নাবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-কে নৌযানে সালাত আদায় সম্পর্কে জিজ্ঞাসা করা হলে তিনি বললেনঃ (صَلِّ فِيهَا قَائِمًا، إِلا أَنْ تَخَافَ الْغَرَقَ) ডুবে যাওয়ার আশঙ্কা না করলে তার উপর দাঁড়িয়ে ছলাত আদায় করবে।[1]

বয়স বেশী হলে ও বার্ধক্যে উপনীত হলে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তার ছলাতের স্থানে স্তম্ভ বানিয়ে নেন যার উপর তিনি ভর দিতেন।[2]

## ফুটনোট

[1] বাযযার (৬৮) দারাকুতনী, আব্দুল গনী আল মাক্বদিসী “সুনান” এর (২/৮২) পৃষ্ঠায় হাকিম একে ছহীহ বলেছেন এবং যাহাবী তার সাথে ঐকমত্য পোষণ করেছেন। (ফায়েদাহঃ) বিমানে ছলাত পড়ার বিধান নৌযানে ছলাত পড়ার মতই। যদি সম্ভব হয় তবে দাঁড়িয়ে ছলাত পড়বে, তা না হলে বসেই ইশারার মাধ্যমে রুকু সাজদা করে পূর্বোল্লিখিত পদ্ধতি অনুযায়ী ছলাত পড়বে।

[2] আবু দাউদ, হাকিম, তিনি ও যাহাবী একে ছহীহ বলেছেন। আমি একে “ছহীহা” (৩১৯) ও “ইরওয়া” এর (৩৮৩) নং হাদীছে উদ্ধৃত করেছি।

Source — https://www.hadithbd.com/books/link/?id=8109

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন